

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১ অধিশাখা

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মন্ত্রণালয়

স্মারক ৪৬.০২০.০০৪.০১.০০.৫৩৭.২০১১-১৩১১১

তারিখঃ ১৭-০৭-২০১৭ খ্রিঃ।


বিষয়ঃ কনটেম্পট পিটিশন নং-৪৪৭/২০১৬ এর বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্রঃ বাঃ সঃ কঃ সঃ এর স্মারক নং-পিএসসি/আইন-৫২/২০১৭/১২০ তাং-০৩-০৭-২০১৭ খ্রিঃ।

এলজিইডি'র আওতায় উপ-সহকারী প্রকৌশলী পদে চাকুরি রাজস্বখাতে শূণ্য পদে আত্মীকরণ ও নিয়মিতকরণের জন্য মহামান্য হাইকোর্ট বিভাগে ৫০৬৯/২০১১ নং রীট পিটিশন দায়ের করা হয়। উক্ত মামলায় গত ১৪.০৫.২০১২ খ্রিঃ তারিখে সরকারের বিপক্ষে রায় ঘোষিত হয় এবং রায় বাস্তবায়ন না করায় মামলার বাদী কর্তৃক কনটেম্পট পিটিশন নং-৪৪৭/২০১৬ দায়ের করা হয়। উক্ত কনটেম্পট পিটিশনে মহামান্য হাইকোর্ট বিভাগ বিগত ১৫-১২-২০১৬ তারিখের আদেশে রুল ইস্যুপূর্বক রীট পিটিশন নং- ৫০৬৯/২০১১ এ মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত ১৪-০৫-২০১২ তারিখের আদেশ বাস্তবায়নের নির্দেশ প্রদান করেন।

০২। এমতাবস্থায়, বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয় হতে এ বিষয়ে প্রাপ্ত পত্রটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ -----ফর্দ

  
(মোহাম্মদ শফিকুল আরিফ)  
উপসচিব  
১৫৪০৯৯৫

- ১। প্রধান প্রকৌশলী  
এলজিইডি, এলজিইডি ভবন, আগারগাঁও, ঢাকা।
- ২। এডঃ শেখ শফিক মাহমুদ পুষ্প  
বেসরকারী প্যানেল আইনজীবী  
স্থানীয় সরকার বিভাগ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ১। আইন উপদেষ্টা (জেলা জজ), বাঃ সঃ কঃ সঃ সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ২। উপসচিব (উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)
- ৫। অফিস কপি/মাষ্টার কপি।